

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১৩. হযরত শো'আয়েব (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আহলে মাদইয়ানের উপরে আপতিত গযবের বিবরণ

বলা বাহুল্য, আল্লাহ তা'আলা স্বীয় চিরন্তন বিধান অনুযায়ী শো'আয়েব (আঃ) ও তাঁর ঈমানদার সাথীগণকে উক্ত জনপদ হ'তে অন্যত্র নিরাপদে সরিয়ে নিলেন। অতঃপর জিবরীলের এক গগণবিদারী নিনাদে অবাধ্য কওমের সকলে নিমেষে ধ্বংস হয়ে গেল। এ বিষয়ে আল্লাহ বলেন.

وَلَمَّا جَاءَ أَمْرُنَا نَجَّيْنَا شُعَيْباً وَالَّذِيْنَ آمَنُوْا مَعَهُ بِرَحْمَةٍ مِّنَّا وَأَخَذَتِ الَّذِيْنَ ظَلَمُوْا الصَّيْحَةُ فَأَصْبَحُوْا فِي دِيَارِهِمْ جَاثِمِيْنَ ـ كَأَن لَّمْ يَغْنَوْا فِيهَا أَلاَ بُعْداً لِّمَدْيَنَ كَمَا بَعِدَتْ ثَمُوْدُ ـ (هود ۞ه-8ه)-

'অতঃপর যখন আমার আদেশ এসে গেল, তখন আমি শো'আয়েব ও তার ঈমানদার সাথীদের নিজ অনুগ্রহে রক্ষা করলাম। আর পাপিষ্ঠদের উপর বিকট গর্জন আপতিত হ'ল। ফলে তারা নিজেদের ঘরে উপুড় হয়ে মরে পড়ে রইল'। '(তারা এমনভাবে নিশ্চিহ্ন হ'ল) যেন তারা কখনোই সেখানে বসবাস করেনি। সাবধান! ছামূদ জাতির উপর অভিসম্পাতের ন্যায় মাদইয়ানবাসীর উপরেও অভিসম্পাত' (হূদ ১১/৯৪-৯৫)। যদিও তারা দুনিয়াতে মযবুত ও নিরাপদ অট্টালিকায় বসবাস করত।

আছহাবে মাদইয়ানের উপরে গযবের ব্যাপারে কুরআনে (শো'আরা ১৮৯), ﴿وَفَهُ (হূদ ৯৪), وَخُفُهُ (হূদ ৯৪), وَخُفُهُ (হূদ ৯৪), وَخُفُهُ (হূদ ৯৪), وَحُهُ (আ'রাফ্র্রিটি ৮৮) তিন ধরনের শব্দ ব্যবহৃত হয়েছে। যার অর্থ মেঘাচ্ছয় আকাশ, বিকট নিনাদ, ভূমিকম্প। আবদুল্লাহ ইবনে আমর (রাঃ) বলেন, আহলে মাদইয়ানের উপরে প্রথমে সাতদিন এমন ভীষণ গরম চাপিয়ে দেওয়া হয় যে, তারা দহন জ্বালায় ছটফট করতে থাকে। অতঃপর আল্লাহ তা'আলা একটি ঘন কালো মেঘমালা পাঠিয়ে দিলেন, যার নীচ দিয়ে শীতল বায়ু প্রবাহিত হচ্ছিল। তখন কওমের লোকেরা উর্ধ্বপ্থাসে সেখানে দৌড়ে এল। এভাবে সবাই জমা হবার পর হঠাৎ ভূমিকম্প শুরু হ'ল এবং মেঘমালা হ'তে শুরু হল অগ্নিবৃষ্টি। তাতে মানুষ সব পোকামাকড়ের মত পুড়ে ছাই হ'তে লাগল। ইবনু আববাস (রাঃ) ও মুহাম্মাদ বিন কা'ব আল-কুরায়ী বলেন, অতঃপর তাদের উপর নেমে আসে এক বজ্রনিনাদ। যাতে সব মরে নিশ্চিক্ত হয়ে গেল'।[7] এভাবে কোনরূপ গ্রেফতারী পরোয়ানা ও সিপাই-সান্ত্রীর প্রহরা ছাড়াই আল্লাহদ্রোহীরা সবাই পায়ে হেঁটে স্বেচ্ছায় বধ্যভূমিতে উপস্থিত হয় এবং চোখের পলকে সবাই নিস্তনাবুদ হয়ে যায়।

وَكُمْ أَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ بَطِرَتْ, प्रका थिरक त्रितिय़ा याख्यात পথে এসব ध्वः अञ्चल नयति পए । আञ्लार वरलन



وَيُنا نَحْنُ الْوَارِثِينَ بَعْدِهِمْ إِلَّا قَلِيْلاً وَكُنّا نَحْنُ الْوَارِثِينَ مَن بَعْدِهِمْ إِلَّا قَلِيْلاً وَكُنّا نَحْنُ الْوَارِثِينَ مَسَاكِنُهُمْ لَمْ تُسْكَن مِّن بَعْدِهِمْ إِلَّا قَلِيْلاً وَكُنّا نَحْنُ الْوَارِثِينَ مِرَا بَعْدِهِمْ إِلَّا قَلِيْلاً وَكُنّا نَحْنُ الْوَارِثِينَ مِرَا بَعْدِهِمْ إِلَّا قَلِيْلاً وَكُنّا نَحْنُ الْوَارِثِينَ مِرَا بَعْدِهِمْ إِلّا قَلِيْلاً وَكُنّا نَحْنُ الْوَارِثِينَ مِرَا بَعْدِهِمْ إِلّا قَلِيمَ يُونَ لِكَ لاَيَاتٍ لِلْمُتَوَسِّمِيْنَ (மூரி என். வின் விவர் விவர

ওয়াহাব বিন মুনাবিবহ বলেন, শু'আয়েব (আঃ) ও তাঁর মুমিন সাথীগণ মক্কায় চলে যান ও সেখানে মৃত্যুবরণ করেন। কা'বা গৃহের পশ্চিম দিকে দারুন নাদওয়া ও দার বনু সাক্ষোর মধ্যবর্তী স্থানে তাদের কবর হয়'।[9] তবে এই সকল বর্ণনার ভিত্তি সুনিশ্চিত নয়। আর থাকলেও সেগুলি সবই এখন নিশ্চিহ্ন এবং সবই বায়তুল্লাহর চতুঃসীমার অন্তর্ভুক্ত। আল্লাহ সর্বাধিক অবগত।

ফুটনোট

- [7]. তাফসীর ইবনে কাছীর, শো'আরা ১৮৯; কুরতুবী, ঐ।
- [৪]. মুত্তাফারু আলাইহ, মিশকাত হা/৫১২৫ 'শিষ্টাচার' অধ্যায়, 'যুলুম' অনুচ্ছেদ।
- [9]. আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ ১/১৭৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4371

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন